অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/18/2026 **গভর্নর ক্যাথি হোকল**

আরো নিরাপদ রাস্তা: গভর্নর হোকল এবং পুলিশ কমিশনার টিশ নিউ ইয়র্ক সিটির পাবলিক হাউজিং ডেভেলপমেন্টগুলিতে অপরাধ কমার ক্ষেত্রে রেকর্ড ভাঙ্গার কথা তুলে ধরলেন

2026 সালের প্রথম 7 মাসে, NYPD পাবলিক হাউজিংয়ে নথিভুক্ত ইতিহাসের মধ্যে সব থেকে কম হত্যাকাণ্ড, গুলির ঘটনা, গুলিতে আহত ব্যক্তি এবং ডাকাতির ঘটনা জানিয়েছে

গভর্নর হোকল গত 18 মাসে NYPD-এর সংস্থান উন্নত করতে 150 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছেন এবং প্রদানের প্রতিশ্রুতি দিয়েছেন

গভর্নর পুরো স্টেটের জননিরাপত্তা উদ্যোগগুলিতে প্রায় 4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন এবং স্থানীয় ও স্টেটের আইন শৃঙ্খল রক্ষাকারীদের জন্য ঐতিহাসিক সমর্থন প্রদান করেছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের (New York City Police Department, NYPD) কমিশনার Jessica Tisch (জেসিকা টিশ) আজকে তাদের শক্তিশালী অপরাধ দমন পার্টনারশিপের প্রশংসা করেন এবং পাবলিক হাউজিং ডেভেলপমেন্টগুলিতে এবং নিউ ইয়র্ক সিটিতে (New York City) অপরাধ কমার ক্ষেত্রে NYPD-এর রেকর্ড ভাঙ্গার কথা তুলে ধরেন। এই বছর, গভর্নর Hochul (হোকল) NYPD-এর সংস্থান উন্নত করতে অতিরিক্ত 77 মিলিয়ন মার্কিন ডলার দেওয়ার প্রতিশ্রুতি ঘোষণা করেন, যা 2026 অর্থবছরে (Fiscal Year, FY) ইতিমধ্যে বিনিয়োগ করা আগের 77 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট তহবিলের সাথে যোগ হবে, যার ফলে 2025 সাল থেকে NYPD-এর সংস্থানের জন্য মোট বিনিয়োগ এবং প্রদানের প্রতিশ্রুতির পরিমাণ হবে 150 মিলিয়ন মার্কিন ডলারের বেশি। গভর্নরের বিনিয়োগ এবং সিটি ও স্টেটের অপরাধ দমন পার্টনারশিপ নিউ ইয়র্ক সিটির পাবলিক হাউজিং ডেভেলপমেন্টগুলিতে ফলাফল প্রদান করে চলেছে, বছরের প্রথম সাত মাসে সব থেকে কম হত্যাকাণ্ড, গুলির ঘটনা, গুলিতে আহত ব্যক্তি এবং ডাকাতির রেকর্ড ভেঙ্গে দিয়েছে।

"আমি যখন গভর্নর হই, তখন জননিরাপত্তাকে আমার সর্বোচ্চ অগ্রাধিকার করেছিলাম। গত পাঁচ বছর ধরে, আমি আইন শৃঙ্খলা রক্ষাকারীদের এবং তাদের সরাসরি অপরাধ মোকাবেলার প্রচেষ্টাকে সমর্থন করতে জননিরাপত্তায় অভূতপূর্ব, প্রায় 4 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ করেছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের বিনিয়োগ করা প্রতিটি মার্কিন ডলার

এবং আমাদের গঠন করা প্রতিটি পার্টনারশিপ নিউ ইয়র্ককে আরো নিরাপদ করার জন্য আমাদের প্রচেষ্টাকে জোরদার করে। আমি পুলিশ কমিশনার Tisch (টিশ) এবং এই কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী আইন শৃঙ্খল রক্ষাকারী সাহসী নারী ও পুরুষদের প্রতি কৃতজ্ঞ। অপরাধ কমাতে তাদের ধারাবাহিক নিষ্ঠা আমাদের কমিউনিটিগুলির জন্য বাস্তব, পরিমাপযোগ্য ফলাফল তৈরি করছে।"

NYPD-এর হাউজিং ব্যুরো (Housing Bureau) শহরের হাউজিং ডেভেলপমেন্টগুলিতে বাস করা প্রায় অর্ধ মিলিয়ন বাসিন্দা, কর্মী এবং দর্শনার্থীর নিরাপত্তার দায়িত্বে আছে। আবাসিক টহল দল, কমিউনিটির গোষ্ঠী, এবং ডেভেলপমেন্ট ম্যানেজারদের সাথে একজোট হয়ে সমন্বয় করে কাজ করে ব্যুরোটি নিউ ইয়র্ক সিটির পাবলিক হাউজিং ডেভেলপমেন্টগুলিতে এবং এর আশপাশে কার্যকরভাবে অপরাধ কমানো এবং জীবনযাত্রার মান উন্নত করার জন্য নিবেদিত রয়েছে।

গভর্নর Hochul (হোকল) এবং NYPD-এর কমিশনার Tisch (টিশ) আজকে পুলিশ সার্ভিস এরিয়া (Police Service Area, PSA) 2 পরিদর্শন করেন, যা ব্রুকলিন নর্থের (Brooklyn North) জন্য সেবা প্রদান করে। PSA 2 73তম, 75তম এবং 77তম প্রিসিঙ্কটের আওতাধীন 42টি ডেভেলপমেন্টে টহল দেয় এবং এখন পর্যন্ত এই বছরে ব্রুকলিনে (Brooklyn) অপরাধ কমাতে সব থেকে বেশি সফল হয়েছে। এই সার্ভিস এরিয়ার মধ্যে, গত বছরের একই সময়ের তুলনায় গুলির ঘটনা 40 শতাংশ কমেছে এবং গুলিতে আহত ব্যক্তির সংখ্যা 45.5 শতাংশ কমেছে।

নিউ ইয়র্ক সিটিতে, এই বছরের জানুয়ারি থেকে জুলাইয়ের মধ্যে পাবলিক হাউজিংয়ে গুরুতর অপরাধ 6.3 শতাংশ কমেছে (3,174 বনাম 3,387), এবং হত্যাকাণ্ড 45 শতাংশ কমেছে (11 বনাম 20), গুলির ঘটনা 33.3 শতাংশ কমেছে (54 বনাম 81), গুলিতে আহত ব্যক্তির সংখ্যা 35.2 শতাংশ কমেছে (59 বনাম 91), এবং ডাকাতি 19.3 শতাংশ কমেছে (419 বনাম 519)।

আইন শৃঙ্খলা রক্ষাকারীদের জন্য গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক বিনিয়োগ NYPD-কে প্রতিদিন প্রায় 5,000 ঘণ্টা এনহ্যান্সড ট্রানজিট সেফটি ওভারটাইম (Enhanced Transit Safety Overtime) সম্ভব করতে সক্ষম করছে এবং ট্রেন ও প্ল্যাটফর্মে মোবাইল ফিল্ড ফোর্স এবং উন্নত সংস্থানের ধারাবাহিক মোতায়েনকে সমর্থন করছে।

গত সপ্তাহে, গভর্নর Hochul (হোকল) জননিরাপত্তায় তার রেকর্ড বিনিয়োগ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের জানিয়েছেন, যা গভর্নর হিসেবে তার দায়িত্বকালে অপরাধ ও বন্দুক সহিংসতা উল্লেখযোগ্যভাবে কমাতে অবদান রেখেছে। এখন পর্যন্ত, গভর্নর জননিরাপত্তা উদ্যোগগুলিতে প্রায় 4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন, যার মধ্যে বন্দুক সহিংসতা প্রতিরোধ, সাবওয়ের নিরাপত্তা, ঘৃণাজনিত অপরাধ প্রতিরোধ, এবং সীমান্তের নিরাপত্তা রয়েছে, এবং একই সাথে লং আইল্যান্ড (Long Island) থেকে বাফেলো (Buffalo) পর্যন্ত স্থানীয় ও স্টেট আইন শৃঙ্খলা রক্ষাকারীদেরকে ঐতিহাসিক মাত্রার সমর্থন প্রদান করেছেন।

এর ফলে, নিউ ইয়র্ক স্টেটে (New York State) ইনডেক্স অপরাধ 10 শতাংশ কমেছে, অপরাধের সাতটি শ্রেণির সবগুলিই কমেছে এবং গভর্নরের দায়িত্বে প্রথম পূর্ণ বছর থেকে গুলিতে মৃত্যুর ঘটনা 60 শতাংশের বেশি কমেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।